

“ছেলে হোক, মেয়ে হোক
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
পটুয়াখালী।
www.fpo.patuakhali.gov.bd

৬.৫.১৪

স্মারক নম্বর-জেপপ/পটুয়া/২০২৩-

তারিখ: ২২ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ
০৭ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: জনাব আরিয়ানা আফরিন (নেব নিয়োগকৃত), পরিবার কল্যাণ সহকারী, মজিদবাড়িয়া ইউনিয়ন, মির্জাগঞ্জ, পটুয়াখালী এর বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রসঙ্গে।

সূত্র: উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী মহোদয়ের কার্যালয়ের স্মারক নম্বর-জেপপ/পটুয়া/২০২৩-১৫৫(৬);
তারিখ: ২৬/০২/২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব আরিয়ানা আফরিন (নেব নিয়োগকৃত), পরিবার কল্যাণ সহকারী, মজিদবাড়িয়া ইউনিয়ন, মির্জাগঞ্জ, পটুয়াখালী গত ২৬ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ তারিখ চাকরীতে যোগদানের পর ২৭ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ তারিখ হতে অদ্যবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং কর্তৃপক্ষের আদেশ অমান্য করে যোগদানের পর হতে আজও লিখিতভাবে দায়িত্ব গ্রহণ করেননি। এ বিষয়ে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মির্জাগঞ্জ, পটুয়াখালী গত ০৯ জানুয়ারী, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ উপপ/মির্জা/২০২৩-১১ নম্বর স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ, গত ২২ জানুয়ারী, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ উপপ/মির্জা/২০২৩-২২ নম্বর স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ এবং গত ০৫ ফেব্রুয়ারী, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ উপপ/মির্জা/২০২৩-৪৩ নম্বর স্মারকে তৃতীয় কারণ দর্শানো নোটিশ জারী করেন। উক্ত তিন (০৩) টি কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে আপনি প্রথম কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করলেও দ্বিতীয় ও তৃতীয় কারণ দর্শানো নোটিশের জবাব আদৌও কর্তৃপক্ষের মিকট দাখিল করেননি। উক্ত তিন (০৩) টি কারণ দর্শানো নোটিশে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য নিম্নস্বাক্ষরকারীকে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির আহ্বায়ক নিয়োগ করা হয়েছে। উক্ত অভিযোগসমূহের তদন্ত আগামী ১৫/০৩/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার সকাল ১১:৩০ টায় উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মির্জাগঞ্জ, পটুয়াখালীতে অনুষ্ঠিত হবে। এমতাবস্থায়, আপনাকে নির্ধারিত তারিখ, সময় ও স্থানে প্রয়োজনীয় কাগজপত্র ও স্বাক্ষর প্রমাণাদিসহ উপস্থিত থাকার জন্য বলা হলো।

জনাব আরিয়ানা আফরিন (নেব নিয়োগকৃত)
পরিবার কল্যাণ সহকারী
মজিদবাড়িয়া ইউনিয়ন
মির্জাগঞ্জ, পটুয়াখালী

স্বা:

মো: জাহাঙ্গীর আলম
সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
পটুয়াখালী
ও
আহ্বায়ক
তদন্ত কমিটি

স্মারক নম্বর-জেপপ/পটুয়া/২০২৩- ১৬-৪/২(৬)

তারিখ: ২২ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ
০৭ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। পরিচালক, পরিবার পরিকল্পনা, বরিশাল বিভাগ, বরিশাল।

০২। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী।

০৩। জনাব আবু সুফিয়ান ইমরান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সদস্য, তদন্ত কমিটি, পটুয়াখালী সদর, পটুয়াখালী।

০৪। জনাব ডা: মো: মেহেদী হাসান রনি, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) ও সদস্য, তদন্ত কমিটি, কলাপাড়া, পটুয়াখালী।

০৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), মির্জাগঞ্জ, পটুয়াখালী {প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও পত্রের একটি কপি বাহক মারফত জনাব আরিয়ানা আফরিন (নেব নিয়োগকৃত) এর স্থায়ী ঠিকানায় পৌঁছানোর ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো}।

০৬। পরিবার পরিকল্পনা পরিদর্শক, মজিদবাড়িয়া ইউনিয়ন, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

০৭। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

মো: জাহাঙ্গীর আলম

সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
পটুয়াখালী।